

কবিতা -রূপনারানের কূলে

রবীন্দ্রনাথ ঠাকুর

শ্রেণী - দ্বাদশ

HOT questions

১. কবির রূপনারান হোক বা কংসাবতী যেকোনো নদীতীরে দাঁড়ালেই আমরা উপলব্ধি করতে পারি ..
নদীর থেমে থাকার উপায় নেই। তার গতির বিভিন্ন স্তরে সে সম্পাদন করে চলেছে বিভিন্ন কাজ। তোমার
জীবনের নানা পর্যায়ে বিভিন্ন কর্মসম্পাদনের মধ্যে দিয়ে কিভাবে লক্ষ্যের দিকে এগোচ্ছ ?

২. স্বপ্ন সত্য নয়, বাস্তবের রূঢ় বাস্তবতা স্বপ্নে নেই- একথা সত্য। কিন্তু স্বপ্নই আমাদের রসদ যা আমাদের
প্রতিমুহূর্তে এগিয়ে নিয়ে চলেছে আপন আপন লক্ষ্যের দিকে এ কথা কি তুমি সমর্থন করো? তোমার
মতামতের স্বপক্ষে যুক্তি দাও।

৩. কবি বলেছেন.. দুঃখের সাধনা করে গেছেন আজীবন এবং আমরা সাধারণ মানুষেরা সেই একই কাজ
করে চলেছি। সত্য বা সুখের সন্ধান পেতে দুঃখের সাধনা কী একান্তই প্রয়োজন? তুমি কি মনে করো ?